# পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
Website: www.mpl.gov.bd, E-mail : info@mpl.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নম্বর: ২৮.২৩.০০০০.৫০৫.০৪.০০২.২৫-০৩২ তারিখ ১৪-০১-২০২৫ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অঙ্গ প্রতিষ্ঠান পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি (পিটিসি-পিএলসি) এর বাস্তবায়নাধীন "ইন্ডিয়া বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইন (আইবিএফপিএল)" শীর্ষক প্রকল্পটির অপারেশন ও রক্ষণাবেক্ষণ কাজ পরিচালনার জন্য পিটিসি-পিএলসি-এর সাংগঠনিক কাঠামোর নিম্নোক্ত পদসমূহে স্থায়ীভাবে শ্রমিক ও কর্মচারী নিয়োগের লক্ষ্যে পিটিসি-পিএলসি-এর পক্ষে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর তত্ত্বাবধানে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিয়োগকৃত শ্রমিক ও কর্মচারীগণ পিটিসি-পিএলসি এর শ্রমিক ও কর্মচারী হিসেবে নিয়োগ লাভ করবেন।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স |
|---|---|---|---|
| ১ | টীম লিডার (সেফটি এন্ড ফায়ার ফাইটিং)<br>বেতন স্কেল:<br>(১১০০০---২৬৫৯০) | ১টি | (ক) এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পাশ।<br>(খ) যে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা সরকারি বা বেসরকারি প্রসেস ইন্ডাস্ট্রি/কেমিক্যাল প্রসেস প্রতিষ্ঠান/ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের ন্যূনতম ০২ বছরের অভিজ্ঞতা।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স হতে ন্যূনতম ০১ মাসের প্রশিক্ষণ থাকতে হবে। ৬ (ছয়) মাস প্রশিক্ষণ সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(ঙ) সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা থাকা প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা এস এস সি পর্যন্ত শিথিলযোগ্য।<br>(চ) বয়স: অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |
| ২ | অপারেটর (অপারেশন্স)<br>বেতন স্কেল:<br>(৯৩০০---২২৪৯০) | ৯টি | (ক) এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পাশ।<br>(খ) যে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা সরকারি বা বেসরকারি প্রসেস ইন্ডাস্ট্রি/কেমিক্যাল প্রসেস প্রতিষ্ঠান/ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(ঘ) বয়স: অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |
| ৩ | গেজার<br>বেতন স্কেল:<br>(৯৩০০---২২৪৯০) | ১টি | (ক) এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পাশ।<br>(খ) যে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা সরকারি বা বেসরকারি প্রসেস ইন্ডাস্ট্রি/কেমিক্যাল প্রসেস প্রতিষ্ঠান/ ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(ঘ) বয়স: অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |

চলমান পাতা-২

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স |
|---|---|---|---|
| ৪ | ফায়ার ফাইটার (সেইফটি এন্ড ফায়ার ফাইটিং)<br>বেতন স্কেল:<br>(৯৩০০---২২৪৯০) | ৩টি | (ক) এস.এস.সি বা সমমান পাশ।<br>(খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বা অন্য কোনো বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে ফায়ার ফাইটিং কাজে ন্যূনতম ২ বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল বা কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স হতে ন্যূনতম ০১ মাসের প্রশিক্ষণ থাকতে হবে।<br>(ঙ) ০৬ মাস প্রশিক্ষণ সার্টিফিকেটধারীকে অগ্রাধিকার দেওয়া হবে।<br>(চ) শারীরিক যোগ্যতা: উচ্চতা: ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি। বুকের মাপ: ন্যূনতম ৩২ ইঞ্চি। শারীরিক গঠন ত্রুটিমুক্ত হতে হবে।<br>(ছ) বয়স: অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |
| ৫ | টেকনিশিয়ান (ইনস্ট্রুমেন্ট এন্ড টেলিকমিউনিকেশন)<br>বেতন স্কেল:<br>(৯৩০০----২২৪৯০ | ০২টি | ক) এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পাশ।<br>খ) যে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/ আধা সরকারি বা বেসরকারি প্রসেস ইন্ডাস্ট্রি/কেমিক্যাল প্রসেস প্রতিষ্ঠান/ ক্রস কান্ট্রি পাইপলাইনে ন্যূনতম ০৫ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঘ) সংশ্লিষ্ট কাজে লাইসেন্স/প্রশিক্ষণ সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঙ) সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা থাকা প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা এস এস সি পর্যন্ত শিথিলযোগ্য।<br>চ) বয়স: অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |
| ৬ | টেকনিশিয়ান (সিপি, ইমারজেন্সি রেসপন্স এন্ড এডমিন)<br>বেতন স্কেল:<br>(৯৩০০----২২৪৯০) | ০২টি | ক) এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পাশ।<br>খ) যে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/ আধা সরকারি বা বেসরকারি প্রসেস ইন্ডাস্ট্রি/কেমিক্যাল প্রসেস প্রতিষ্ঠান/ ক্রস কান্ট্রি পাইপলাইনে ন্যূনতম ০৫ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঘ) সংশ্লিষ্ট কাজে লাইসেন্স/প্রশিক্ষণ থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঙ) সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এস এস সি পর্যন্ত শিথিলযোগ্য।<br>চ) বয়স: অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |
| ৭ | টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল)<br>বেতন স্কেল: (৯৩০০----২২৪৯০ | ০২টি | ক) এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পাশ।<br>খ) যে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/ আধা সরকারি বা বেসরকারি প্রসেস ইন্ডাস্ট্রি/কেমিক্যাল প্রসেস প্রতিষ্ঠান/ ক্রস কান্ট্রি পাইপলাইনে ন্যূনতম ০৫ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঘ) ইলেকট্রিক্যালAB লাইসেন্স থাকতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | | ঙ) সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এস এস সি পর্যন্ত শিথিলযোগ্য।<br>চ) বয়সঃ অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |
| ৮ | টেকনিশিয়ান (স্ট্যাটিক এন্ড রোটেটিং ইকুইমেন্ট)<br>বেতন স্কেল: (৯৩০০----২২৪৯০) | ০২টি | ক) এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশনাল) বা বা সমমান পাশ।<br>খ) যে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/ আধা সরকারি বা বেসরকারি প্রসেস ইন্ডাস্ট্রি/কেমিক্যাল প্রসেস প্রতিষ্ঠান/ ক্রস কান্ট্রি পাইপলাইনে ন্যূনতম ০৫ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঘ) সংশ্লিষ্ট কাজে প্রশিক্ষণ থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঙ) সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এস এস সি পর্যন্ত শিথিলযোগ্য।<br>চ) বয়সঃ অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |
| ৯ | টেকনিশিয়ান (পাইপলাইন মেইনটেন্যান্স)<br>বেতন স্কেল: (৯৩০০----২২৪৯০) | ০২টি | ক) এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পাশ।<br>খ) যে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/ আধা সরকারি বা বেসরকারি প্রসেস ইন্ডাস্ট্রি/কেমিক্যাল প্রসেস প্রতিষ্ঠান/ ক্রস কান্ট্রি পাইপলাইনে ন্যূনতম ০৫ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঘ) সংশ্লিষ্ট কাজে প্রশিক্ষণ থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঙ) সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এস এস সি পর্যন্ত শিথিলযোগ্য।<br>চ) বয়সঃ অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |
| ১০ | ড্রাইভার<br>বেতন স্কেল: (৯৩০০----২২৪৯০) | ০২টি | ক) এসএসসি বা সমমান পাশ।<br>খ) যে কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/ আধা সরকারি বা বেসরকারি প্রসেস ইন্ডাস্ট্রি/কেমিক্যাল প্রসেস প্রতিষ্ঠান/ ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা।<br>(গ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>ঘ) ভারী যানবাহন চালনায় ভারী ড্রাইভিং এর লাইসেন্সধারী হতে হবে।<br>ঙ) বয়সঃ অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর। |
| ১১ | হেলপার (ইমারজেন্সি রেসপন্স)<br>বেতন স্কেল: (৮২৫০--২০০১০) | ০২টি | (ক) এসএসসি (বিজ্ঞান/ভোকেশনাল) বা সমমান পাশ ।<br>(খ) পেট্রোলিয়াম, পেট্রোকেমিক্যাল, কেমিক্যাল কমপ্লেক্সে বা ক্রস কান্ট্রি পাইপলাইনে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(গ) সংশ্লিষ্ট কাজে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি/জেএসসি বা সমমান পাশ পর্যন্ত শিথিলযোগ্য।<br>(ঘ) বয়সঃ অনুর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর। |
| | মোট (জন) | ২৮টি | |

**আবেদনের প্রযোজ্য শর্তাবলী :**

১। প্রার্থীগণ Online এর মাধ্যমে আবেদন করবেন। সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। সকল পদে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৩-০৭-২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

২। প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন শুরুর তারিখে সংশ্লিষ্ট পদের পার্শ্বে উল্লেখিত বয়সের অধিক হবে না। বয়সের ব্যাপারে কোন রকম এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। সকল পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সনদ সরকার কর্তৃক অনুমোদিত স্কুল/ইনস্টিটিউট/কলেজ/বোর্ড/বিশ্ববিদ্যালয়ের হতে হবে। বিদেশী কলেজ/বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি হতে সমতুল্য সনদের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৪। জিপিএ-তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ/শ্রেণি নির্ধারণের জন্য এতদবিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করা হবে।

৫। চাহিত শিক্ষা কার্যক্রম শেষ হওয়ার (ফলাফল প্রকাশের) পর হতে অভিজ্ঞতার সময়কাল বিবেচনা করা হবে।

৬। একজন প্রার্থী নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কেবলমাত্র ০১ (এক) টি পদের বিপরীতে দরখাস্ত করতে পারবেন। একই পদের জন্য একাধিক আবেদন বা একই ব্যক্তি একাধিক পদের জন্য আবেদন করলে সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭। সকল নিয়োগের ক্ষেত্রে বিপিসি'র অধীনস্ত কোম্পানিসমূহের শ্রমিক কর্মচারী নিয়োগ নীতিমালা-২০২৩ অনুসরণ করা হবে।

৮। লিখিত/মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS ও MPLএর ওয়েব সাইট www.mpl.gov.bdএর মাধ্যমে জানানো হবে।

৯। প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের রঙ্গিন প্রিন্টেড কপি, সদ্যতোলা ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্কশীট/ট্রান্সক্রিপ্ট, কম্পিউটার প্রশিক্ষণের সনদ (যদি থাকে), অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয় পত্র (এনআইডি/স্মার্ট কার্ড), সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পত্রসহ প্রয়োজনীয় দলিলাদির মূল কপি উপস্থাপন করতে হবে।
বর্ণিত দলিলাদির এক সেট ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যয়নপূর্বক দাখিল করতে হবে। প্রার্থীদেরকে লিখিত/মৌখিক/স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। সকল পদে নিয়োগের ক্ষেত্রে কোটার প্রার্থীতা প্রমাণের জন্য সকল ডকুমেন্টের মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। উক্ত ডকুমেন্টসমূহের এক সেট ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার মাধ্যমে সত্যয়নপূর্বক দাখিল করতে হবে।

১১। **www.mpl.gov.bd এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে।**

১২। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/জাল/মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে। প্রার্থীর পক্ষে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৩। কোন প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। **Online-এ আবেদনপত্র পূরণ পদ্ধতি :**

ক) ইচ্ছুক প্রার্থীগণকে http://mpl.teletalk.com.bdওয়েব সাইটের মাধ্যমে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i) Online-আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ২০-০১-২০২৫, সকাল ১০:০০ ঘটিকা।

ii) Online-আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ : ১৭-০২-২০২৫, বিকাল ৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User IDপ্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Onlineআবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel ও সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixelস্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ)Onlineএ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করতে পারবেন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার-এ যোগাযোগ করুন অথবা vas.query@teletalk.com.bdই-মেইলে যোগাযোগ করতে পারবেন।

চলমান পাতা-৫

১৫। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :**

ক) অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy রঙ্গিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটিUser ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নম্বর **১** থেকে **১০** এ উল্লেখিত পদসমূহের ক্ষেত্রে **১১২/-** (একশত বারো) টাকা অফেরতযোগ্য এবং ক্রমিক নম্বর **১১** এ উল্লেখিত পদসমূহের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অফেরতযোগ্য অনলাইনে আবেদনপত্র সাবমিটের পরবর্তী অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, onlineএ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

১ম SMS: MPLIBFPL<space>User ID লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে (Replyহিসেবে একটি PINনম্বর পাওয়া যাবে)।

২য় SMS: MPLIBFPL<space>Yes<space>PIN লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে (Reply হিসেবে User ID ও Passwordসহ Payment প্রাপ্তি স্বীকারের SMS পাওয়া যাবে)।

১৬। শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে প্রার্থীদেরকে অনলাইনে আবেদন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৭। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন, বাতিল এবং প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাঃ
(মোহাম্মদ ইনাম ইলাহী চৌধুরী)
জেনারেল ম্যানেজার (এইচ আর) চঃ দাঃ
পক্ষে
পেট্রোলিয়াম ট্রান্সমিশন কোম্পানি পিএলসি